গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১৮৯/৪৮৫-৮৭, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.২১.২২৩৮

২৫ আশ্বিন, ১৪২৮
তারিখ:--------------------
১০ অক্টোবর, ২০২১

# "দরপত্র বিজ্ঞপ্তি"

খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া'র অধীনে ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০ (দশ) টি এলএসডি ও আশুগঞ্জ সাইলো হতে জেলার অভ্যন্তরে সড়ক পথে/নৌ-পথে খাদ্যশস্য/ খাদ্যদ্রব্য/ খালিবস্তা ও অন্যান্য সামগ্রী পরিবহনের নিমিত্ত ২০২১-২২ (অবশিষ্ট সময়) এবং ২০২২-২৩ অর্থ বছরের জন্য প্রয়োজনীয় সংখ্যক অভ্যন্তরীণ সড়ক পরিবহন (আইআরটিসি)/ অভ্যন্তরীণ নৌ-পরিবহন ঠিকাদার (আইবিসিসি) নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠান/ ব্যক্তি ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/ বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২. | এজেন্সী | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩. | সংগ্রাহক সত্তা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪. | যে কাজের জন্য দরপত্র | ঃ | সরকারের যখন যেমন প্রয়োজন হয় সে অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০ (দশ) টি এলএসডি ও আশুগঞ্জ সাইলো হতে জেলার অভ্যন্তরে খাদ্যশস্য/ খাদ্যদ্রব্য/ খালিবস্তা ও অন্যান্য দ্রব্যাদি সড়ক পথে/ নৌ-পথে পরিবহনের কাজ। |
| ৫. | দরপত্রের সূত্র নং ও তারিখ | ঃ | স্মারক নম্বর ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.২১.২২৩৮<br>তারিখঃ ১০/১০/২০২১ খ্রিঃ। |
| ৬. | সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ৭. | বাজেট তহবিল সূত্র | ঃ | রাজস্ব বাজেট, বাংলাদেশ সরকার। |
| ৮. | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | ঃ | ০৪/১১/২০২১ খ্রিঃ। |
| ৯. | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ঃ | ০৭/১১/২০২১ খ্রিঃ তারিখ, সকাল ১০.০০ টা- দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১০. | দরপত্র গ্রহণের স্থান | ঃ | ১। জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স।<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স। |
| ১১. | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ০৭/১১/২০২১ খ্রিঃ তারিখ, বিকাল ৩.০০ ঘটিকা। |
| ১২. | দরপত্র উন্মুক্ত করণের স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৩. | প্রাক-দরপত্র সভার তারিখ ও সময় | ঃ | ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা। |
| ১৪. | প্রাক-দরপত্র সভার স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৫. | দরপত্রের মেয়াদ | ঃ | দরপত্র গ্রহণের তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন। |
| ১৬. | দরপত্র বিক্রয়কারী দপ্তর | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৭. | দরপত্র দাতার অভিজ্ঞতা | ঃ | সড়ক/ নৌ-পথে পরিবহন কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এরূপ অভিজ্ঞতার ক্ষেত্রে সড়ক/নৌ-পথে সাধারন পরিবহন কাজে ০১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় খাদ্যশস্য পরিবহন কাজে ০১ (এক) বছরের সহ মোট ০২ (দুই) বছরের অভিজ্ঞতা অথবা খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৮. | দরপত্র দাখিলের নিয়মাবলী | ঃ | দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) হলে আর্থিক প্রস্তাব খোলা হবে। |
| ১৯. | দরপত্র সিডিউলের মূল্য (প্রতিসেট) | ঃ | ৭০০/- (সাতশত) টাকা (সড়ক ও নৌ-পথ আলাদা)। |
| ২০. | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | সুবীর নাথ চৌধুরী<br>জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২১. | কাজের সময় কাল | ঃ | ২০২১-২২ (অবশিষ্ট সময়) ও ২০২২-২৩ অর্থ বছরের জন্য। |
| ২২. | টেন্ডার সিকিউরিটি | ঃ | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। |
| ২৩. | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | সড়ক পরিবহন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, নৌ-পরিবহন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (চুক্তি সম্পাদনের পূর্বে জমা দিতে হবে) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। |
| ২৪. | পণ্যের নিরাপত্তা জামানত (চলাচল সূচি দেয়ার পূর্বে) | ঃ | সড়ক পরিবহন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার), নৌ-পরিবহন ১,০০,০০০/- (এক লাখ) টাকা (চলাচল সূচি জারির পূর্বে)। |
| ২৫. | দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা, ফোন ও ফ্যাক্স নং এবং দরপত্র সম্পর্কিত তথ্য প্রদানকারী | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ১৮৯/৪৮৫-৮৭, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া।<br>ফোন: ০৮৫১-৫৮২৩২, ফ্যাক্স: ০৮৫১-৫৮৯৭৫,<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর/ হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ফোনঃ ০৮৫১-৫৮১২৩ |
| ২৬. | এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া দপ্তর হতে জানা যাবে। | | |

১০.১০.২১
(সুবীর নাথ চৌধুরী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract)

১। আবেদনকারীকে প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া বরাবর নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আবেদন করতে হবে।

২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, নিজ নামের/ প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব সনদ/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি থাকতে হবে।

৩। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন নম্বরসহ হালনাগাদ পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/ নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা (এফিডেভিট) এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। অংশিদারী মালিকানার ক্ষেত্রে অংশিদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। লিমিটেড কোম্পানির বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট ষ্টক কোম্পানির সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/ দাখিলা এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূলকপি প্রদর্শন করতে হবে।

৯। অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামার মূল কপি দাখিল করতে হবে।

১০। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

১১। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্নসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ ফৌজদারী/ সালিশী মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/ প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

১২। সালিশী মামলা নিষ্পত্তির অপেক্ষায়/ মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। তবে সালিশ/ মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/ সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১৩। প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য ৭০০/- (সাতশত) টাকা হিসেবে ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখায় ১-৪৮৩১-০০০১-২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান এ দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাস করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি এ দপ্তরের হিসাব শাখায় জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। জমাকৃত চালানের ফটোকপি/ অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৪। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাওয়ার পর ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। দরপত্র দাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্য সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণপূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ স্বাক্ষর করবেন। দরপত্র তফসীল ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৬। ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া দপ্তরে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে না পৌঁছলে বাতিল বলে গণ্য হবে।

১৭। শর্তযুক্ত, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং প্রাইজ সিডিউল/ দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইন্সুরেন্স এর খরচ অন্তর্ভুক্ত হিসাবে গণ্য হবে।

১৮। দাখিলকৃত সকল ডকুমেন্ট/ কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়াকে সম্বোধন করে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে সকল কাগজপত্র সংযুক্ত করে দিতে হবে।

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Conditions of Contract)

১৯। ঠিকাদারের যোগ্যতাঃ

(ক) সড়ক/ নৌ-পথে খাদ্যশস্য/ খাদ্য সামগ্রী/ অন্যান্য সামগ্রীর পরিবহণ কাজে ন্যূনতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা। এর মধ্যে সাধারণ পরিবহণ কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহণ কাজে ১ (এক) বছরের অথবা খাদ্য বিভাগের পরিবহণ কাজে মোট ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উক্ত অভিজ্ঞতা সনদপত্র খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/ সাইলো সুপার/ জেলা খাদ্য নিয়ন্ত্রক/ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারি/ আধা- সরকারি স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে। অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন সাল পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ থাকতে হবে। উল্লেখ্য, পাবলিক প্রকিউমেন্ট (২য় সংশোধনী) আইন ২০০৯ এর ৪ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলীর আলোকে ব্যক্তির যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে অতীতের সম্পাদিত ক্রয় কার্যের অভিজ্ঞতা শিথিলযোগ্য।

(খ) দরদাতার নিজস্ব মালিকাধীন ন্যূনতম ১ (এক) টি ট্রাক/নৌকা থাকতে হবে অথবা ট্রাক/নৌকা মালিকের সাথে ১ (এক) টি ট্রাক/নৌকার ০২ (দুই) বছরের জন্য ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ভাড়ার স্বপক্ষে চুক্তিপত্র থাকতে হবে। একাধিক দরপত্র দাতা একই নম্বরের ট্রাক/নৌকার মালিকানা/ ভাড়ার স্বপক্ষে চুক্তিনামা দাখিল করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) যেকোন সিডিউল ব্যাংক হতে এক আর্থিক বৎসরের লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে। সনদ প্রদানকারী কর্মকর্তা সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদমর্যাদার নিম্নে নহে।

(ঘ) দরপত্র দাতার নগদ সম্পদঃ ঠিকাদারের নিজস্ব/ প্রতিষ্ঠানের লেটার প্যাডে ন্যূনতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নগদ আছে মর্মে ঘোষণা পত্র দাখিল করতে হবে।

২০। দরপত্র দাখিলের নিয়মাবলীঃ

(ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২ টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মাঝখানে '' সড়ক/ নৌ-পরিবহন ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব'' ও আর্থিক প্রস্তাবের খামে ''সড়ক/নৌ-পরিবহণ ঠিকাদারের আর্থিক প্রস্তাব'' লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে। ২ টি খাম একত্রে বড় একটি খামে ভরে দাখিল করতে হবে এবং

অনুরুপভাবে বড় খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরের দিকে ''সড়ক/নৌ-পরিবহণ দরপত্র প্রস্তাব'' লিখতে হবে।

(খ) যোগ্যতা বিষয়ক খামে ''ক'' ফরম পূরণ ও স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা জামানতের টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

(গ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামের ''খ'' ফরমে শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। আর্থিক প্রস্তাবের খামে কোন পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/অন্য কোন কাগজপত্র সংযুক্ত করা যাবে না।

(ঘ) সড়ক/নৌ-পরিবহন কাজের জন্য আলাদা দরপত্র দাখিল করতে হবে এবং প্রতি কিঃ মিঃ প্রতি মেঃ টন হিসেবে দর উল্লেখ করতে হবে।

(ঙ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফরম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

২১। **টেন্ডার সিকিউরিটিঃ**

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এর অনুকূলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/ সিডিআর গ্রহণযোগ্য হবে না।

(খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (জামানতের টাকা) সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেওয়া হবে। কৃতকার্য দরদাতার জামানতের টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২২। **ঠিকাদার নির্বাচন পদ্ধতিঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব Responsive হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং নিম্নদরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও Head of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। সর্বনিম্ন দরদাতার দরসহ অন্যান্যদের মধ্য থেকে উদ্ধৃত দরের নিম্ন থেকে উর্ধ্বক্রম অনুযায়ী অনুমোদিত নিম্ন দরে কাজ করতে আগ্রহী সাপেক্ষে একাধিক প্রয়োজনীয় সংখ্যক ঠিকাদার নিয়োগ করা হবে এবং ঠিকাদারগণকে সর্বনিম্ন দর মোতাবেক ভাড়া পরিশোধ করা হবে।

(খ) ব্রাহ্মণবাড়িয়া জেলার জন্য সর্বনিম্ন দরে একাধিক পরিবহণ ঠিকাদার নির্বাচন করা হবে। তবে নির্বাচিত দরদাতাগণ চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরুপ কোন তথ্য উদঘাটিত হলে পিপিআর, ২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) স্ল্যাব ভিত্তিক প্রদর্শিত কাজের বিপরীতে গড় দর নির্ণয় পূর্বক দেয় সর্বনিম্ন দর বিবেচনা করা হবে।

২৩। Letter of Intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে দরদাতাকে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং পারফরমেন্স সিকিউরিটি বাবদ সড়ক পরিবহন কাজে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং নৌ-পরিবহন কাজে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সহ যথাযথ কাগজপত্র জমা দিয়ে ০৭ (সাত) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৪। **নিরাপত্তা জামানতঃ**

(ক) চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর ঢাকার ০৩/১১/২০০৯ খ্রিঃ তারিখের চসসা/ চপরেস এর ১০৭৬(৬) নম্বর স্মারকে জারীকৃত পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এবং সিপিটিইউ কর্তৃক অনুমোদিত ষ্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট (এসটিডি) অনুযায়ী ঠিকাদার নিয়োগের জন্য নির্দেশনা সম্বলিত পত্রের ১৬ ক্রমিকে বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রতি লট খাদ্যশস্য পরিবহণের জন্য সড়ক পরিবহন কাজে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং নৌ-পরিবহন কাজে ১,০০,০০০/- (এক লাখ) টাকা নিরাপত্তা জামানত হিসেবে প্রদান করতে হবে। নিরাপত্তা জামানতের টাকা সূচি জারীর পূর্বে যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া বরাবর প্রদান করতে হবে। তবে, পারফরমেন্স সিকিউরিটির টাকা নিরাপত্তা জামানতের সাথে সমন্বয় করা যাবে।

(খ) সূচিকৃত মালামাল সন্তোষজনক পরিবহণ শেষে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে জমাকৃত নিরাপত্তা জামানত আবেদনের প্রেক্ষিতে ফেরত নেয়া যাবে/ পরবর্তী সূচির সাথে সমন্বয় করা যাবে।

২৫। **পরিবহণ পণ্যের ঘাটতিঃ**

(ক) ১০০% ওজনে বোঝাইকৃত মালামাল ১০০% ওজনে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন। পরিবহণ মালামালের নীট ওজনের উপর ০.১২৫% (শতকরা দশমিক এক দুই পাঁচ) সীমিত পরিবহণ ঘাটতি প্রাপ্য হবেন।

(খ) যে কোন সাহায্য সংস্থার নির্ধারিত ওজনের ব্যাগের ক্ষেত্রে শূন্য পরিবহণ ঘাটতি প্রযোজ্য হবে।

(গ) নির্ধারিত পরিবহণ ঘাটতির অতিরিক্ত যে কোন ঘাটতি/ মালামাল বিনষ্ট/ খোয়া গেলে ঠিকাদারকে দেড়গুণ হারে ক্ষতিপূরন প্রদান করতে হবে।

২৬। **চুক্তি সম্পাদনঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাবের খাম খোলা হবে এবং সর্বনিম্ন অনুমোদিত দরদাতার দরে একাধিক প্রয়োজনীয় সংখ্যক পরিবহণ ঠিকাদার নিয়োগ করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন সাব্যস্ত দরদাতার দর বৈধ বিবেচিত হলে Letter of Intent প্রদান করা হবে এবং দরপত্রের সকল শর্তাদি পূরণ শেষে ০৭ (সাত) দিনের চুক্তি সম্পাদন করতে হবে।

২৭। **পরিবহণ ভাড়াঃ**

চুক্তি তফসিলে বর্ণিত নির্দিষ্ট ভাড়া ও দূরত্বের জন্য পরিবাহিত মালামালের বিপরীতে ''গ্রস'' ওজনে প্রাপ্ত পরিমাণ মালামালের ভাড়া ১ম পক্ষ ২য় পক্ষকে পরিশোধ করবেন।

২৮। **চুক্তি সংশোধনঃ**

বিস্তারিত রুট বিবরণী/তফসীল রুটের দুরত্ব দরপত্র তফসীলের সাথে সংযুক্ত করে দেয়া হলো। সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্যদ্রব্য অথবা যে কোন অভ্যন্তরীণ পরিবহণ সংক্রান্ত বা এতদ্‌সংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/ স্মারক/ আদেশ/ পরিপত্রসহ দরপত্র তফসিল, শর্তাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৯। রুট তফসিলে বর্ণিত নির্ধারিত দুরুত্বই বিল প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে কোন রুটের দুরত্বে গরমিল/ তারতম্য দেখা দিলে সেক্ষেত্রে সড়ক ও জনপথ বিভাগ/ সংশ্লিষ্ট বিভাগের দুরত্ব সনদ অনুযায়ী প্রকৃত দুরত্ব নির্ধারিত হবে। অনির্ধারিত রুট/ রুট বহির্ভূত স্থানে (বিশেষত এলএসডি হতে রাইস মিলে ও বিপরীতভাবে) সড়ক পথে পরিবহণের ক্ষেত্রে দর তফসিলের ৩ নং অনুচ্ছেদ এবং নৌ-পথে পরিবহনের ক্ষেত্রে দর তফসিলের ২ নং অনুচ্ছেদ অনুযায়ী ভাড়া প্রদেয় হবে।




৩০। **গোপনীয় প্রতিবেদনঃ**
নির্বাচিত ঠিকাদারগণের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

৩১। **ক্ষমতা সংরক্ষণঃ**
কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। অবশ্যই সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন দরপত্রদাতা যদি বর্তমান বাজার দর/দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য উদ্ধৃত করে দরপত্র দাখিল করেন তাহলে পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ ৯৮(২৩) মোতাবেক উক্ত দরপত্র বাতিল/ তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩২। **অভিযোগ ও আপীলঃ**
দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর, ২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বা:
(সুবীর নাথ চৌধুরী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)।

একমাত্র রাষ্ট্রীয় কাজে ব্যবহৃত

২৫ আশ্বিন, ১৪২৮
তারিখ:--------------------
১০ অক্টোবর, ২০২১

স্মারক নম্বর ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.২১.২২৩৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/ বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২-৮। পরিচালক (সকল).........................................., খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৯-১৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) ................................।
১৭। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
১৮। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
১৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
২০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।
২১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২২-২৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ খুলনা।
২৪-৮৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.................................চট্টগ্রাম বিভাগ।
৮৭-৯৮। ম্যানেজার (সকল)................................. সিএসডি,................................চট্টগ্রাম বিভাগ।
৯৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জেখানি দপ্তর, কুমিল্লা।
১০০-১০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .........................................., ব্রাহ্মণবাড়িয়া।
১১০-১২০। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা,.......................................... এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।
১২১। কম্পিউটার শাখা, এ দপ্তর। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।
১২২। নোটিশ বোর্ড, এ দপ্তর।
১২৩। অফিস নথি।

১০.১০.২১
(সুবীর নাথ চৌধুরী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)।